গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

এসআরও নং ৩১৪-আইন/আয়কর/২০১৮, তাং ২৩-১০-২০১৮ দ্বারা এসআরওটি সংশোধিত।

প্রজ্ঞাপন

তারিখ: ২০ ফাল্গুন ১৪২৪ বঙ্গাব্দ/০৪ মার্চ ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ৭৭-আইন/আয়কর/২০১৮।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বিদ্যুৎ ও জ্বালানীর দ্রুত সরবরাহ বৃদ্ধি (বিশেষ বিধান) আইন, ২০১০ (২০১০ সনের ৫৪ নং আইন) এর আওতায় Build, Own, Operate and Transfer (BOOT) পদ্ধতিতে কক্সবাজারের মহেশখালি দ্বীপে দৈনিক ৫০০ এমএমএসসিএফডি ক্ষমতাসম্পন্ন 'Floating LNG Storage and Regasification Facility' স্থাপন শীর্ষক প্রকল্পে নিয়োজিত ঠিকাদারী প্রতিষ্ঠান SUMMIT LNG Terminal Co. (Pvt.) Ltd., অতঃপর টার্মিনাল কোম্পানি বলিয়া উল্লিখিত, এর ক্ষেত্রে-

(ক) কেবল উক্ত প্রকল্প হইতে টার্মিনাল কোম্পানির অর্জিত আয়ের উপর প্রকল্পের উৎপাদন আরম্ভ হইবার তারিখ হইতে পরবর্তী ৫ (পাঁচ) বৎসরের জন্য,

(খ) টার্মিনাল কোম্পানিতে কর্মরত বিদেশি ব্যক্তিগণের আয়ের উপর বাংলাদেশে আগমনের তারিখ হইতে পরবর্তী ৩ (তিন) বৎসরের জন্য, এবং

(গ) Floating LNG Storage and Regasification Unit (FSRU) এর Legal Owner, Disponent owner এবং Terminal Co Group এর কোনো সদস্যকে কেবল উক্ত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে পরিশোধযোগ্য অর্থের উপর প্রদেয় উৎসে আয়করের উপর, উক্ত Ordinance এর অধীন প্রদেয় কর হইতে অব্যাহতি প্রদান করিল।

২। টার্মিনাল কোম্পানিকে যথাযথভাবে উহার হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব।

সংশোধনী এস,আর,ও-টি ৬০৩ নং পৃষ্ঠায় দেখুন।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

Scanned with CamScanner

S.R.O. No. 77/2018 · unofficial copy for study · Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com

1 / 1